

বাংলা ছন্দে যতি ও যতিলোপ : পুনর্বিচার

গবেষণার উদ্দেশ্য : বাংলা ছন্দে প্রবোধচন্দ্র সেন- নির্দেশিত যতিলোপ বিষয়ক সূত্রের পুনর্বিচার। যতিস্থানে শব্দের মধ্যখণ্ডন বাংলা ছন্দের একটি স্বাভাবিক প্রবণতা। এই ধারাবাহিক অবিচ্ছিন্ন প্রবণতার অসংখ্য দৃষ্টান্তের নিরিখে এটিকে বাংলা ছন্দের গঠন-বিন্যাসের একটি স্বাভাবিক ও অনিবার্য প্রয়োগ হিসেবেই চিহ্নিত করা যায়। সেক্ষেত্রে উক্ত যতিলোপ সূত্র, যা কিনা ছন্দগঠনের প্রাথমিক শর্তগুলি লঙ্ঘন করছে, সেটি কত দূর কার্যকর, তা বিচার করে দেখা আবশ্যিক। সূত্রটির বিকল্পের অনুসন্ধানও এর অন্তর্ভুক্ত।

গবেষণা পদ্ধতি : আন্তেয়-নিরীক্ষণমূলক ও তত্ত্ববিশ্লেষণমূলক। বাংলা ভাষায় লিখিত পদ্যরূপ-নির্ভর সাহিত্যের (চর্যাপদ থেকে বিশ শতকের সাতের দশক পর্যন্ত লিখিত) আন্তেয় সংগ্রহ এবং সেগুলি পর্যবেক্ষণ ও বিশ্লেষণ দ্বারা প্রাপ্ত তথ্যের ভিত্তিতে উক্ত যতিলোপ বিষয়ক সূত্রের পুনরায় বিচার করার চেষ্টা করা হয়েছে।

গবেষণা-সন্দর্ভে পাঁচটি অধ্যায়ে প্রথম অধ্যায়ে গবেষণার উদ্দেশ্য ও প্রাসঙ্গিক প্রাথমিক বিষয়, বাংলা ভাষায় ছন্দতত্ত্ব চর্চার পূর্ব- ইতিহাসের সংক্ষিপ্ত বিবরণ, গবেষণার পদ্ধতি ও সংগঠনের বিবরণ। দ্বিতীয় অধ্যায়ে সংস্কৃত, ইংরেজি ও বাংলা ছন্দের দৃষ্টান্তসহ সাধারণ নিয়ম, যতিনিয়ম ও যতিলোপ আলোচিত। তৃতীয় অধ্যায়ে প্রবোধচন্দ্র সেনের ছন্দোধারণার বিবর্তনের গতিরেখা এবং তাঁর সমসাময়িক কবি- ছান্দসিকদের ছন্দোধারণা এবং যতিস্থানে শব্দের মধ্যখণ্ডন বিষয়ে তাঁদের অভিমত। চতুর্থ অধ্যায়ে যতিস্থানে শব্দের মধ্যখণ্ডনের কারণে এবং উপপর্বের অসমবিভাজনের কারণে প্রবোধচন্দ্র- নির্দেশিত উপযতি, পর্বযতি ও পদযতির লোপ বা লঙ্ঘন ঘটার অবকাশ আছে এইরূপ দৃষ্টান্ত সংকলিত। চর্যাপদ থেকে বিশ শতকের সাতের দশক অবধি লিখিত কবিতার নির্বাচিত দৃষ্টান্তের ছন্দ বিশ্লেষণ করা। পঞ্চম অধ্যায়ে *ছন্দ পরিক্রমা* (প্রথম প্রকাশ ১৩৭২) এবং *নূতন ছন্দ পরিক্রমা* (প্রথম প্রকাশ ১৯৮৬) বইদুটিতে যে ক-টি উদাহরণে যতিলোপ নির্দেশ করেছেন, সেগুলি বিশ্লেষণ করে এবং ছন্দানিয়ম প্রয়োগ করে দেখানোর চেষ্টা করা হয়েছে — ১. কেন ও কীভাবে যতিলোপ ছন্দোরীতির অত্যাাবশ্যিক শর্ত / নিয়ম পালনে ব্যর্থ হয়েছে, তার তাত্ত্বিক যুক্তিসহ ব্যাখ্যা ২. কোন্ সমস্যার কারণে প্রবোধচন্দ্র যতিলোপ নির্দেশ করার সিদ্ধান্ত নিতে বাধ্য হয়েছিলেন, সেটি সনাত্তকরণ ও আলোচনা ৩. সেই সমস্যার সম্ভাব্য সমাধানের সূত্র নির্ণয়ের প্রয়াস।